



সর্বকালের সেরা বাঙ্গালি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭ তম শাহাদাত বার্ষিকী উদযাপন

সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল কর্তৃক আয়োজিত সর্বকালের সেরা বাঙ্গালি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭ তম শাহাদাত বার্ষিকীতে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণসহ বিভিন্ন কর্মসূচি পালিত হয়।

তিন দিনব্যাপী অনুষ্ঠানমালায় ১৫ই আগস্ট, ২০২২ সকাল ১০ ঘটিকায় কলেজের শিক্ষক পরিষদ মিলনায়তনে রচনা প্রতিযোগিতা, স্বরচিত কবিতা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ ও আলোচনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।



অর্থনীতি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর পান্নালাল রায়ের সভাপতিত্বে আলোচনা অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন কলেজের স্বনামধন্য অধ্যক্ষ প্রফেসর ড. মোহাম্মদ গোলাম কিবরিয়া, বিশেষ অতিথি ছিলেন কলেজের সুযোগ্য উপাধ্যক্ষ প্রফেসর এ এস কাইউম উদ্দিন আহমেদ এবং মান্যবর বিশেষ অতিথি জনাব আল আমিন সরোয়ার, সম্পাদক শিক্ষক পরিষদ। উপস্থিত ছিলেন সকল বিভাগের সকল বিভাগের বিভাগীয় প্রধান, শিক্ষকবৃন্দ, শিক্ষার্থীগণ। অনুষ্ঠানে প্রধান অতিথি, বিশেষ অতিথিদ্বয়, সভাপতি, বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ এবং সুমন ডাকুয়াসহ ছাত্রনেত্রবৃন্দ বক্তৃতা করেন।



বঙ্গবন্ধুকে নিয়ে মনোজ হালদারের লেখা নিজের সুরে সংগীত পরিবেশন করেন হিসাববিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর মোঃ সাদিকুর রহমান সিকদার। কবিতা আবৃত্তি করেন জনাব তপন কুমার সাহা, সহযোগী অধ্যাপক, হিসাববিজ্ঞান, সংগীত ও গীতি আলেখ্য পরিবেশন করে সাংস্কৃতিক সংগঠন উত্তরণ এবং সংস্কৃতি পরিষদ।